

পূর্ব বর্ধমান জিলা পরিষদ

বাস্তুকার বিভাগ

কোর্ট কম্পাউন্ড, পো:-বর্ধমান

জেলা-পূর্ব বর্ধমান, পিন-৭১৩১০১

মারক সংখ্যা- ৩৪০২/ডি.ই./জে.ডি.পি. ক্যান্টিন

তারিখ- ২৬/০২/২০২২

বিষয়:- পূর্ব বর্ধমান জিলা পরিষদের অধীন জিলা পরিষদের ক্যান্টিনটি ইজারার জন্য দরপত্র আহ্বান
(সিল মোহর যুক্ত খামের মাধ্যমে)

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, পূর্ব বর্ধমান জিলা পরিষদের অধীন জিলা পরিষদের ক্যান্টিনটির ১ (এক) বছরের জন্য (ইং- ০১/০১/২০২৩ হতে ৩১/১২/২০২৩) সিল মোহর করা খামে দরপত্র আহ্বান করা হইতেছে। সমস্ত দরপত্র আগামী ২৭শে ডিসেম্বর, ২০২২ (মঙ্গলবার) দুপুর ২:০০ ঘটিকার মধ্যে জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ-এর কক্ষে নির্দিষ্ট বাস্তব জমা করিতে হইবে।

ইচ্ছুক ব্যক্তি বা সংস্থাকে দরপত্র জমা দিবার পূর্বে ক্যান্টিন ঘরের মাপ, পারিপার্শ্বিক অবস্থান, যাতায়াতের রাস্তা ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হইবে। পরে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না। দরপত্র সাদা কাগজে দর উল্লেখ সহ স্বাক্ষর করিয়া নিম্নলিখিত তথ্য সহ জমা দিতে হবে।

১. ভোট দেবার পরিচয় পত্রের বা আধারের নকল (স্ব-প্রত্যয়িত)।

২. নির্দিষ্ট বায়না জমার অর্থ (Earnest Money), যা ফেরতযোগ্য, জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ

(District Engineer, Purba Bardhaman Zilla Parishad, Payable at Bardhaman)-এর অনুকূলে, বর্ধমানস্থিত কোনও সিডিউল ব্যাঙ্ক এর ব্যাঙ্ক ড্রাফট/পে অর্ডার/ব্যাঙ্কারস চেক-এর মাধ্যমে দিতে হইবে।

* জিলা পরিষদ নির্ধারিত দরের নীচে দেওয়া কোন দর গৃহীত হইবে না।

* বায়না জমা (আরনেস্ট মানি) ব্যাতিত কোনও দরপত্র গ্রাহ্য হইবে না।

* সর্বোচ্চ সফল দরপত্রকারী ক্যান্টিন কে এক বছর চালাবার পর আবেদনের ভিত্তিতে জমিন জমার অর্থ ফেরতযোগ্য বিবেচিত হইবে।

* সর্বোচ্চ দরপত্রকারীর জমিন জমার অর্থ জেলা পরিষদ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ দেওয়ার ৩ (তিন) দিনের মধ্যে জমা দিয়ে কবুলিয়ার পত্র দুই জন বিশিষ্ট জামিনদাতার নাম ঠিকানা ও স্বাক্ষর সহ চুক্তি পত্র স্বাক্ষর করিতে হইবে, অন্যথায় তাহার বায়না জমা বাজেয়াপ্ত করিয়া ইজারা অনুমোদন বাতিল বলিয়া গণ্য হইবে।

* পূর্ব বর্ধমান জিলা পরিষদের নির্ধারিত দিনেই ক্যান্টিন হস্তান্তর করা হইবে এবং হস্তান্তরিত হওয়ার দিন হইতেই মাসিক ভিত্তিতে প্রদেয় ভাড়া প্রযোজ্য হইবে।

* একই অঙ্কে একাধিক ব্যক্তি/সংস্থা দরপত্র দাখিল করিলে লটারির মাধ্যমে চূড়ান্ত নিষ্পত্তি হইবে।

* জিলা পরিষদের প্রচলিত পদ্ধতিতে চুক্তিপত্র স্বাক্ষর করিতে হবে।

দরপত্র জমা দিবার স্থান:- নিম্ন স্বাক্ষরকারীর অফিস (রাখা নির্দিষ্ট বাস্তব)।

দরপত্র জমা দেওয়ার শেষ সময় ও তারিখ :- ২৭/১২/২০২২ (মঙ্গলবার), ২:০০ ঘটিকার মধ্যে।

দরপত্র খোলার সময় ও তারিখ :- ২৭/১২/২০২২ (মঙ্গলবার), ২:৩০ ঘটিকার পর।

দরপত্র খোলার স্থান:- নিম্ন স্বাক্ষরকারীর অফিসে।

বিশদ বিবরণ

ক্রমিক সংখ্যা	ক্যান্টিনের অবস্থান	বায়না জমার পরিমাণ (টাকা)	জমিন জমা টাকার সর্বনিম্ন পরিমাণ (টাকা)	মাসিক ভাড়ার সর্বনিম্ন পরিমাণ (টাকা)
১	জিলা পরিষদ অফিস বিল্ডিং সংলগ্ন	৫,০০০/-	৫,০০০/-	২,০০০/-

যদি কোনও ব্যক্তি/সংস্থা পূর্ব বর্ধমান জিলা পরিষদের প্রাপ্য অর্থ ইতিপূর্বে পরিশোধ না করিয়া বা বেনামী করিয়া অত্র ডাকে অংশগ্রহণ করিয়াছেন বলিয়া প্রমাণ হয় তাহলে উক্ত দরপত্র বাতিল হইবে। চুক্তি অনুযায়ী প্রতিমাসে প্রদেয় ভাড়া নির্দিষ্ট সময়ে জমা দিতে হইবে। ইহা ছাড়া বিদ্যুৎ ব্যয়, পৌরসভার কর ইত্যাদির প্রযোজ্য কর ও অন্যান্য আনুসঙ্গিক খরচ ব্যবহারকারীগণকে নিজ ব্যয়ে মিটাইতে হইবে। পরিবেশ দূষনকারী / দাহ্য পদার্থ / বিল্ডিং ক্ষতিকারক বস্তু-সামগ্রী উক্ত ক্যান্টিনের মধ্যে ক্রয়/বিক্রয় করা যাইবে না। তৎসহ ক্যান্টিনের খাবারের গুণগত মান বৃদ্ধি ও পরিষ্কার পরিচ্ছন্ন পাত্র খাবার পরিবেশন এবং ক্যান্টিন-এর পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখিতে হবে। পরিবেশ দূষনকারী / উত্তেজক পানীয় ইত্যাদি কোন দোকানে বিক্রয় করা যাইবে না। আগ্রহী ব্যক্তি/সংস্থা জেলা বাস্তুকার অফিস হইতেও নির্দিষ্ট তারিখ ও সময়ের পূর্বে প্রয়োজনীয় তথ্য জ্ঞাত ও সংগ্রহ করিতে পারিবেন।

অত্র বিজ্ঞপ্তির কোনও সংশোধন / সংযোজন কেবলমাত্র পূর্ব বর্ধমান জিলা পরিষদ অফিস নোটিশ বোর্ড / ওয়েবসাইট এ দেওয়া হবে। সর্বোচ্চ ডাক জিলা পরিষদের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে গ্রহণ করা হইবে। প্রকাশ থাকে যে, জিলা পরিষদ কর্তৃপক্ষ কোনও কারণ না দর্শাইয়া এই বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত সর্বোচ্চ ডাকের যে কোনও টি অথবা সমস্ত দরপত্রগুলি বাতিল করিবার বা অনুমোদন করিবার অধিকার সংরক্ষিত রাখিতেছেন।

জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ
২৬/০২/২০২২

মারক সংখ্যা- ২৬০২/২ ডি.ই./জেড.পি. ক্যান্টিন

উপ-সচিব/ডি.আই.এ., পূর্ব বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েবসাইট www.bardhamanzp.org.in -তে সম্প্রচারের জন্য প্রেরিত হল।

তারিখ- ২৬/১২/২০২২

জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ
তারিখ- ২৬/১২/২০২২

মারক সংখ্যা- ২৬০২/২ ডি.ই./জেড.পি. ক্যান্টিন

প্রতিলিপি মাননীয় সভাপতি, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সহকারী-সভাপতি, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/কর্মাধ্যক্ষ, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)/আর্থিক নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সহ বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)/অবর সহ বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)/জিলা পরিষদের নোটিশ বোর্ড বহুল প্রচারের জন্য প্রেরিত হল।

জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ
তারিখ- ২৬/১২/২০২২